গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কলকারখানা ও প্রতিষ্ঠান পরিদর্শন অধিদপ্তর
উপ-মহাপরিদর্শকের কার্যালয়, সিলেট

বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ, সিলেট এর উপ কমিটির সেপ্টেম্বর ২০১৯ মাসের সভার কার্যবিবরণী

| | |
|---|---|
| সভাপতি | সন্দীপ কুমার সিংহ<br>পরিচালক, বিভাগীয় পরিচালকের কার্যালয়,সমাজসেবা অধিদপ্তর, সিলেট |
| সভার তারিখ | ১১ সেপ্টেম্বর ২০১৯ |
| সভার সময় | সকাল ১০:০০ ঘটিকা। |
| স্থান | সভা কক্ষ ,বিভাগীয় পরিচালকের কার্যা য়ৈ, সমাজসেবা অধিদপ্তর, সিলেট |
| উপস্থিতি | পরিশিষ্ট-ক |

বিভাগীয় শিশুশ্রম কল্যাণ পরিষদ সিলেটের উপ কমিটির 'সেপ্টেম্বর-২০১৯' মাসের সভায় সকলকে শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন ।

২। সভায় যে সকল সিদ্ধান্ত গৃহীত হয়, তা নিম্নরূপ:

| আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ |
|---|---|---|
| সদস্য সচিব জানান যে, শিশুদের নিয়ে কাজ করে এমন এনজিও সমূহের নাম সিলেট জেলা হতে পাওয়া গেছে । আগামী সভার পূর্বে অপর তিনজেলা সুনামগঞ্জ, হবিগঞ্জ, মৌলভীবাজারের এনজিওসমূহের তালিকা সংগ্রহ করে বিভাগীয় কমিটির সভায় উপস্থাপন করতে হবে। | ক) সিলেট বিভাগের ৪টি জেলায় ঝুঁকিপূর্ণ কাজে নিয়োজিত শিশুদেরকে নিয়ে কাজ করে এরুপ এনজিওদের সমন্বিত তালিকা মূল সভায় উপস্থাপন করতে হবে। | সদস্য সচিব |
| সভাপতি অবহিত করেন যে, সিলেট বিভাগে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে সমাজসেবা অধিদপ্তর এ শিশু সুরক্ষা মূলক কার্যক্রমের আওতায় সিলেট এবং হবিগঞ্জ জেলার শিশু পরিবার (বালক) ২টি ও সিলেট, সুনামগঞ্জ এবং মৌলভীবাজার জেলায় সরকারী শিশু পরিবার (বালিকা) ৩ টি কেন্দ্র রয়েছে। সেখানে শিশুদের শিক্ষা, ভরণপোষণ, সংস্কৃতিচর্চা এবং পূনর্বাসনের কার্যক্রম চলমান রয়েছে। এছাড়াও ছোটমনি নিবাস (০-৫ বছর) শিশুদের এবং শেখ রাসেল শিশু প্রশিক্ষন ও পূনর্বাসন কেন্দ্রে (বালক ও বালিকা) (৬- ১৮) বছর শিশুদের শিক্ষা, ভরণপোষন, সংস্কৃতি চর্চা এবং পুনর্বাসনের কার্যক্রম চলমান রয়েছে। | শিশু পূনর্বাসন কেন্দ্রের তালিকাসমূহ সংরক্ষণ এবং তাদের সাথে যোগাযোগ অব্যাহত রাখতে হবে। | সদস্য সচিব |

৩। আর কোনো আলোচ্য বিষয় না থাকায় সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

সন্দ্বীপ কুমার সিংহ
পরিচালক, বিভাগীয় পরিচালকের
কার্যালয়,সমাজসেবা অধিদপ্তর, সিলেট

স্মারক নম্বর: ৪০.০১.৯১০০.১০১.০৬.০০৫.১৯.৩৯

তারিখ: ৪ আশ্বিন ১৪২৬
১৯ সেপ্টেম্বর ২০১৯

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) উপ পরিচালক , আঞ্চলিক শ্রম দপ্তর, সিলেট
২) উপপরিচালক , জেলা মহিলা বিষয়ক কর্মকর্তার কার্যালয়, উপপরিচালকের কার্যালয়,মহিলা বিষয়ক অধিদপ্তর, সিলেট
৩) জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, শিশু একাডেমি, সিলেট

তপন বিকাশ তঞ্চঙ্গ্যা
উপ -মহাপরিদর্শক